শৈলকুপায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র দু-দল গ্রামবাসির সংঘর্ষ, নিহত ২

ঝিনাইদহের শৈলকুপায় আধিপত্য বিস্তার নিয়ে দুই দল গ্রামবাসির মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ সময় দেশীয় অস্ত্রের আঘাতে দুই ব্যক্তি নিহত ও একজন আহত হয় বলে জানা যায়।

ঘটনাটি সোমবার দুপুর ১২টার দিকে উপজেলার ৫নং কাচেরকোল ইউনিয়নরে ধুলিয়াপড়িা গ্রামে। সংঘর্ষে আহত ৩ ব্যক্তিকে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে চিকিৎসক ১টার দিকে লাল্টু মন্ডল (৩৮) এবং অভি উদ্দিন(২৬) কে মৃত বলে ঘোষনা করেন। নিহত লাল্টু ধুলিয়াপাড়া গ্রামের মনজের মন্ডল ও অভি লোকমান হোসেনের ছেলে।

এলাকাবাসি ও পুলিশ সূত্রে জানা যায় দীর্ঘদিন যাবত উপজেলার ধুলিয়াপাড়া গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে আব্দুল কুদ্দুস খাঁ ও মকবুল মৌরীর মধ্যে বিরোধ চলে আসছে। রবিবার সকালে আব্দুল কুদ্দুস খাঁর সমর্থক আবেদ আলীকে হাতুড়ী পেটা করে গুরুতর জখম করে মকবুল সমর্থকরা। এ নিয়ে গ্রামটিতে উত্তেজনা ছড়িয়ে পরে।

এ ঘটনাকে কেন্দ্র করে সোমবার দুপুরে উভয় গ্রুপের কর্মী সমর্থকরা দেশীয় অস্ত্র নিয়ে একে অপরের উপর হামলা চালায়। এ হামলায় মকবুল সমর্থক লাল্টু মন্ডল, অভি উদ্দিন ও লোকমান হোসেন গুরুতর আহত হলে তাদের শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেসকে নিয়ে আসে স্বজনরা। আহত তিনজনের মধ্যে লাল্টু মন্ডল ও অভি উদ্দিনকে মৃত বলে ঘোষনা করেন কর্তব্যরত চিকিৎসক।

গুরুতর আহত লোকমান হোসেনকে ঝিনাইদহ সদর হাসাপাতালে নেওয়া হয় বলে চিকিৎসক জানান। এরপর খবর পেয়ে পুলিশ ঘটনা স্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নিয়ে আসে। এছাড়া পুলিশ সুপার হাসানুজ্জামান ঘটনাস্থল পরিদর্শন করেছেন বলে জানা যায়।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান জানান ধুলিয়াপাড়া গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষে দুই ব্যক্তি নিহত হয়েছে।

[redacted]

[redacted]

কোটচাঁদপুরে নারায়নগঞ্জ ফেরত ২ জন করোনা রোগী শনাক্ত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নতুন করে আরও ২ জন করোনা রোগী শনাক্ত হয়েছেন। আ শনিবার সকালে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগমের বরাদ দিয়ে বিষয়টি নিশ্চিত করেছেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

তিনি জানান, উপজেলার জগদেশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকা সম্প্রতি নারায়নগঞ্জ থেকে আসা মোট ৭ জনের নমুনা সংগ্রহ করে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জিনোম সেন্টারে পাঠানো হয়েছিল।

এর মধ্যে আজ শনিবার সকালে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগদেশপুর গ্রামের ৫০ ও ১৮ বছর বয়স্ক দুইজন পুরুষের শরীরে করোনা পজেটিভের রিপোর্ট পায়।

ডাঃ রশিদ জানান, বর্তমানে আক্রান্ত রোগীরা জগদেশপুর গ্রামে প্রাতিষ্ঠানিক আইসোলেশনে চিকিৎসাধীন আছেন। সেই সাথে নেগেটিভ রিপোর্ট আসা ব্যক্তিদেরকে আক্রান্তদের থেকে সরিয়ে হোম কোয়ারেন্টাইনে রাখা হচ্ছে। এপর্যন্ত উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের ২ জন চিকিৎসক ও ১ নার্স সহ ৮ জন করোনায় আক্রান্ত হলেন।

ঝিনাইদহের পুলিশ সুপার ডিএসবি দিয়ে ত্রাণ বঞ্চিত মানুষদের

খুজে ত্রাণ দিচ্ছেন

ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম সোমবার সকালে ত্রাণ বঞ্চিত দুই শতাধিক প্রতিবন্ধী, বিধবা, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী, হতদরিদ্র, শ্রমিক ও নিম্নআয়ের মানুষদের খুঁজে বের করে তাদেরকে খাদ্য সহায়তা দিলেন আলহেরা ইসলামী ইনস্টিটিউট প্রাঙ্গণ।

এসময় আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সদর থানার ওসি মিজানুর রহমান ও ট্রাফিক ইনেন্সপেক্টার সালাউদ্দীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

বিভিন্ন স্থানে এখনো যে সমস্ত হতদরিদ্র, শ্রমিক, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী, বিধবা, দিনমজুর, স্বামী পরিত্যক্তা, গৃহকর্মী ও নিম্নআয়ের মানুষ যারা ত্রাণসামগ্রী পাননি তাদেরকে গোয়েন্দা পুলিশের মাধ্যমে খোঁজ করে খাদ্যসামগ্রী দিচ্ছেন ঝিনাইদহ পুলিশ সুপার হাসানুজ্জামান পিপিএম।

খাদ্যসামগ্রীর মধ্যে আছে চাল, ডাল, আলু, তেল, লবন।

এছাড়া তার সকল পুলিশ বাহিনীর সুরক্ষার জন্য দিচ্ছেন মাস্ক, সাবান, হ্যান্ডসেনিটাইজার ।

পুলিশ সুপারের এই ব্যতিক্রমধর্মী উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন অনেকেই ।

ঝিনাইদহে করোনা আক্রান্ত ২ জনের একজন শিক্ষক, অন্যজন শ্রমিক

ঝিনাইদহে দুই জন করোনা রোগী সনাক্ত হয়েছে। আজ সকাল ১০ টার দিকে সিভিল সার্জন ডা: সেলিনা বেগম খবরটি নিশ্চিত করেছেন। আক্রান্তদর বয়স ৩২ থেকে ৩৫ বছরের মধ্যে।

ঝিনাইদহ সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ১৯ টি নমুনার ফলাফল পাঠানো হয়েছে। এর মধ্যে ২ জন করোনা পজেটিভ এসেছে।

তাদের মধ্যে ঝিনাইদহ শহরে হাসান ক্লিনিকের পিছনে এক নারী স্কুল শিক্ষক যিনি চন্ডিপুর সরকারী প্রইমারী স্কুলের শিক্ষক। তিনি ঢাকায় গিয়ে নিয়ন্ত্রনহীনভাবে মটরসাইকেলে চলাফেরা করেন এবং তার ছবি ফেসবুকে দেন।

অন্যজন হচ্ছে কালীগঞ্জ উপজেলার মোল্লাডাঙ্গা গ্রামে একজন পুরুষ শ্রমিক। মোল্লাডাঙ্গা গ্রামে আক্রান্ত পুরুষটি ফরিদপুর উপজেলার ভাঙ্গা এলাকায় শ্রমিকের কাজ করতো এবং আক্রান্ত নারী স্কুল শিক্ষক গত ২০ এপ্রিল ঢাকা থেকে ঝিনাইদহে এসেছে।

করোনা আক্রান্ত রোগীরা কি অবস্থায় আছে তা দ্রুততার সাথে খোজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানান সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম।

তবে জেলাকে লকডাউন করার জন্য আগে থেকেই বিভিন্ন মহল থেকে দাবী জানিয়ে আসছিলো। এদিকে জেলায় করোনা রোগী শনাক্ত হলেও নিয়ন্ত্রণহীন অবস্থায় চলছে শহরে চলাচলকারী ছোট যানবাহনগুলো। ৭/৮ জন যাত্রী নিয়ে চলাচল করছে ইজি বাইক, রিক্সা-মটর সাইকেলেও একাধিক যাত্রী চলাচল করছে।

এগুলো নিয়ন্ত্রণে না থাকা এবং স্বাস্থ্য বিভাগের সুপারিশের পরও জেলা লকডাউন না করায় চরম ক্ষুব্ধ হয়ে উঠেছে সচেতন মহল। সচেতন মহলের ভাষ্যমতে শহর ও গ্রাম এভাবে নিয়ন্ত্রণহীন অবস্থা চলতে পারে না। হাট বাজারের কোন নিয়ন্ত্রণ নেই।

বিষয়টি নিয়ে সিভিল সার্জন অফিসের করোনা ইউনিটের চিকিৎসক ডা. প্রসেনজিৎ বিশ্বাস পার্থ জানান, সারা দেশে যেভাবে করোনা রোগী সনাক্ত হচ্ছ তাতে এভাবে সামাজিক দূরত্ব বজায় না রাখলে পরিস্থিতি আরো নিয়ন্ত্রণের বাইরে চলে যাবে। তাই এখনই সকলের উচিৎ স্বাস্থ্য বিধি মেনে চলা, যথাসম্ভব ঘরে থাকা।

যবিপ্রবি’র অনুজীব বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও জিনোম সেন্টারের সহকারি পরিচালক অধ্যাপক ইকবাল কবীর জাহিদ গণমাধ্যমকে জানান, ল্যাবে সর্বশেষ ঝিনাইদহের ২০টি পরীক্ষা করে দুই জনার শরীরে করোনা সনাক্ত হয়। এদিকে ঝিনাইদহে করোনা সনাক্ত হওয়ার পর

কোটচাঁদপুরে অসহায় মানুষের মাঝে ইউপি সদস্য নাসিরের খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে করোনা পরিস্থিতির সংক্রমণ প্রতিরোধে কর্মহীন, দরিদ্র, অসহায়, দিনমজুর শ্রমজীবী মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ অব্যহত রেখেছেন উপজেলার কুশনা ইউনিয়নের ইউপি সদস্য ও সেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ন-সম্পাদক বিএম নাসির উদ্দীন।

মঙ্গলবার (২১ এপ্রিল) বিকালে জালালপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে নিজস্ব অর্থায়নে ও জালালপুর যুবসমাজের সহযোগিতায় কুশনা ইউনিয়নের বিভিন্ন গ্রামের হতদরিদ্র অসহায় ৪’শ পরিবারকে এই খাদ্য সামগ্রী বিতরণ করেন।

খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

এসময তিনি বলেন, দেশের করোনা পরিস্থিতির সংক্রমণ রোধে সরকারের নির্দেশনা মানতে দিনমজুর শ্রমজীবী মানুষরা কর্মহীন হয়ে পড়ায় মানবতার জীবন-যাপন করছে। ফলে এইসব কর্মহীন, দরিদ্র, অসহায়,দিনমজুর শ্রমজীবীদের পাশে দাড়ানো আমাদের সবারই দায়িত্ব। তিনি বলেন, ইউপি সদস্য বিএম নাসির উদ্দীন অসহায় এইসব মানুষের হাতে খাবার তুলে দিয়ে মানবসেবার নজীর দৃষ্ঠান্ত রাখছেন। শুধুমাত্র জনপ্রতিনিধি না! , সংকটময় এই পরিস্থিতিতে আমাদের সবারই এগিয়ে আসতে হবে।

ঝিনাইদহে বিপুল পরিমাণ নকল ওষুধ জব্দ

ঝিনাইদহে ৩টি ফার্সেমী থেকে বিপুল পরিমাণ নকল ওষুধ জব্দ করেছে ভ্রাম্যমাণ আদালত। আজ সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের বিভিন্ন স্থানে এ অভিযান চালানো হয়।

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের কোম্পানী কমান্ডার মাসুদ আলম জানান, নকল ওষুধ বিক্রি করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে ওষুধ প্রশাসন, জেলা প্রশাসন ও ভোক্তা সংরক্ষণ অধিদপ্তরের সহযোগিতায় শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালানো হয়। এসময় ক্যাসেল ব্রীজ এলাকার বাধন ফার্মেসী, আরাপপুরের আসাদ ফার্মেসী ও কেসি কলেজ এলাকার নিউ তাজমহল ফার্মেসী থেকে বিপুল পরিমান নকল ও নিষিদ্ধ কোম্পানীর ওষুধ জব্দ করা হয়।

তিনি আরও জানান, পরে ভ্রাম্যমাণ আদালতের বিচারক হেদায়েত উল্যাহ ২ টি ফার্মেসীকে ১ লাখ ১ হাজার টাকা জরিমানা করে। মালিক না থাকায় নিউ তাজমহল ফার্মেসীকে সীলগালা করা হয়। এর আগে গতকাল রবিবার সন্ধ্যায় শহর এইচ এস এস সড়ক ও শৈলকুপার শেখপাড়া বাজার থেকে নকল ও সরকারি বিক্রয় নিষিদ্ধ ওষুধ জব্দ করা হয়। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় শিক্ষার্থী নিহত, আহত ৩

ঝিনাইদহ-মাগুরা মহাসড়কে হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের সামনে ট্রাক-মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে সুমাইয়া (১২) নামের এক শিক্ষার্থী নিহত হয়েছে। এ ঘটনায় নিহত শিক্ষার্থী পরিবারের ৩ জন

আহত হয়েছেন।

পুলিশ জানায়, বুধবার সকালে মাগুরা থেকে মোটরসাইকেল যোগে ঝিনাইদহ সদর উপজেলা সুরাট ইউনিয়নের রতনহাট গ্রামের সেলিম রেজা তার পরিবার নিয়ে বাড়ির উদ্দেশে আসছিলেন।

পথিমধ্যে ঝিনাইদহ থেকে আসা একটি ট্রাক মোটরসাইকেলকে সাজোরে ধাক্কা দেয়। এ সময় মোটরসাইকেল চালক সেলিম রেজা, তার স্ত্রী, এক ছেলে ও মেয়ে সুমাইয়া রাস্তার উপর ছিটকে পড়ে। এসময় স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে হাসপাতালে নিলে কর্তব্যরত ডাক্তার সুমাইয়াকে মৃত বলে ঘোষণা করেন। চালক সেলিম রেজার অবস্থা আশঙ্কাজনক।

সুত্র- বাংলাদেশ প্রতিদিন

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির গরীব ও দুস্থ মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান

পহেলা বৈশাখের অনুষ্ঠান না করে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতি কর্মহীন হয়ে পড়া গরীব ও দুস্থ মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান করেছে।

সোমবার বেলা ১১ টায় আইনজীবী সমিতির নতুন ভবনের সামনে এই খাদ্য সহায়তা প্রদান করা হয়। জন প্রতি ৫ কেজি চাল,২ কেজি আলু, ৫০০ গ্রাম ডাল, ১ কেজি লবন, ১লিটার তৈল ১টা করে সাবান ২৫০ জন হত-দরিদ্র মানুষের মাঝে বিতরন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আইনজীবী সমিতির সভাপতি এ্যাডঃ খান আক্তারুজ্জামান, জিপি বিকাশ কুমার ঘোষ, সাধারণ সম্পাদক জাকারিয়া

মিলন, আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও আওয়ামী লীগ নেতা আজিজুর রহমান, সাবেক সহ-সভাপতি সাদাতুর রহমান হাদী, সাবেক জিপি সুবীর সমাদ্দার, শামসুজ্জামান লাকী, জাহিদুল ইসলাম জাহিদ, আতিয়ার রহমান, গৌতম কুমার, আবু রওশন রিপন, আব্দুল মান্নান-২, মাযহারুল আনোয়ার সবুজ, শফিকুর রহমান শফিকসহ আইনজীবী সমিতির অনান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে করোনা প্রতিরোধে কঠোর অবস্থানে পুলিশ

করোনার সংক্রমন প্রতিরোধ ও সচেতনতা বাড়াতে ঝিনাইদহে কঠোর অবস্থানে জেলা পুলিশ। পুলিশ সুপার মো: হাসানুজ্জামান পিপিএম এর নির্দশে সোমবার সকালে শহরের পায়রা চত্বর, হামদহ, আরাপপুরসহ বিভিন্ন স্থানে চেকপোস্ট বসানো হয়।

এসময় প্রয়োজন ছাড়া ইজিবাইক চলাচল বন্ধ ও মোটর সাইকেলে একজনের বেশি না বসা, বাইরে অযথা ঘোরাঘুরি না করে বাড়ীতে থাকার নির্দেশ দেওয়া হয়। এছাড়াও ব্যক্তিগত গাড়ি চালক ও সড়কে চলাচলকারীদের উপযুক্ত কারণ ছাড়া শহরে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না।

এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান জানান, করোনা প্রতিরোধে কঠোর অবস্থানে রয়েছে জেলা পুলিশ। জেলা ও উপজেলা শহরের বিভিন্ন স্থানে চেকপোস্ট বসানো হয়েছে। প্রয়োজন ছাড়া যারা বাড়ির বাইরে যাচ্ছেন তাদের ঘরে থাকার পরার্মশ দেওয়া হচ্ছে।